

💵 মুসনাদে আহমাদ

হাদিস নাম্বারঃ ৮৪১

মুসনাদে আলী ইবনে আবি তালিব (রাঃ) [আলীর বর্ণিত হাদীস] (مسند على بن أبي طالب)

বাংলা

৮৪১। হাদীস নং ৬৩৭ দ্রন্টব্য।

৬৩৭। আলী (রাঃ) বলেছেন, একবার রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম আমার কাছ দিয়ে যাচ্ছিলেন। তখন আমি ব্যথায় কাতরাচ্ছিলাম ও বলছিলাম, হে আল্লাহ, আমার মৃত্যুর সময় যদি উপস্থিত হয়ে থাকে, তাহলে আমাকে অব্যাহতি দাও (অর্থাৎ মৃত্যু দাও)। যদি মৃত্যুর বিলম্ব থেকে থাকে। তবে আমাকে তুলে নাও (অর্থাৎ মৃত্যু ত্বরাম্বিত কর।) আর যদি এটা আমার জন্য পরীক্ষা হয়, তবে আমাকে ধৈর্য দাও। রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তুমি কী বললে? আমি আমার কথাটার পুনরাবৃত্তি করলাম। তিনি আমাকে তাঁর পা দিয়ে আঘাত করলেন এবং বললেনঃ কী বললে? আমি আবার কথাটার পুনরাবৃত্তি করে তাঁকে শুনলাম। তিনি বললেনঃ হে আল্লাহ, একে আরোগ্য দান কর। আলী (রাঃ) বলেনঃ এরপর আমি আর কখনো উক্ত ব্যথায় আক্রান্ত হইনি।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন